# ট্রাম্প প্রশাসনের ২০২৬ সালের নতুন "পাবলিক চার্জ" (Public Charge) নিয়মের কারণে অভিবাসীরা কীভাবে প্রভাবিত হবেন?

আগস্ট ২০২৬

**২০শে জুলাই ২০২৬ তারিখে ট্রাম্প প্রশাসন একটি ফেডারেল বিধি প্রকাশ করেছে, যা অভিবাসীদের স্ট্যাটাস পরিবর্তন করার, ভিসার মাধ্যমে যুক্তরাষ্ট্রে প্রবেশ করার এবং সরকারি সুবিধা পাওয়ার সক্ষমতাকে সীমিত করবে। এই বিধিটি সাধারণভাবে "পাবলিক চার্জ" নামে পরিচিত এবং এর আনুষ্ঠানিক নাম হলো "পাবলিক চার্জ গ্রাউন্ড অব ইনঅ্যাডমিসিবিলিটি" বিধি। বিধিটি এখনও কার্যকর হয়নি, তবে এটি অনেক অভিবাসীর ওপর প্রভাব ফেলতে পারে।**

## "পাবলিক চার্জ" এবং "ইনঅ্যাডমিসিবিলিটি" বলতে কী বোঝায়?

"পাবলিক চার্জ" হলো একটি আইনি পরিভাষা, যা এমন ব্যক্তিদের বোঝায় যারা বেঁচে থাকার জন্য সরকারি সহায়তার ওপর নির্ভরশীল। ১৮৮০-এর দশক থেকে মার্কিন অভিবাসন আইনে এমন আইনি বিধান রয়েছে যা "যেকোনো সময় পাবলিক চার্জে পরিণত হওয়ার সম্ভাবনা রয়েছে" এমন ব্যক্তিদের আইনিভাবে যুক্তরাষ্ট্রে প্রবেশে বাধা দেয় এবং এখানে আসার পর তাদের স্ট্যাটাস পরিবর্তনে বাধা দেয়। যুক্তরাষ্ট্রে আইনগতভাবে প্রবেশ করাকে "অ্যাডমিশন" বলা হয়। তাই আইনের অধীনে, পাবলিক চার্জে পরিণত হওয়ার সম্ভাবনা থাকা যুক্তরাষ্ট্রে প্রবেশ প্রত্যাখ্যান করার একটি কারণ বা "ইনঅ্যাডমিসিবিলিটির (অযোগ্যতার) ভিত্তি"। যুক্তরাষ্ট্র সরকার যদি নির্ধারণ করে যে কোনো ব্যক্তি পাবলিক চার্জে পরিণত হওয়ার সম্ভাবনা রয়েছে (যা ১৯৯৯ সালে মূলত সরকারি নগদ অর্থ সহায়তা বা সরকার-অর্থায়নকৃত দীর্ঘমেয়াদী প্রাতিষ্ঠানিক সেবার ওপর "প্রধানত নির্ভরশীল" ব্যক্তি হিসেবে সংজ্ঞায়িত করা হয়েছিল), তাহলে সেই ব্যক্তি ভিসা বা গ্রিন কার্ড পাওয়ার জন্য অযোগ্য হতে পারেন।


১৯৯৯ সালে ফেডারেল বিধিমালার অধীনে "পাবলিক চার্জ" সংজ্ঞায়িত করা হয় এবং পূর্ববর্তী ট্রাম্প প্রশাসনসহ একাধিক ফেডারেল বিধির মাধ্যমে এটি একাধিকবার সংশোধন ও বাতিল করা হয়েছে। ১৯৯৯ সালে নির্ধারিত দীর্ঘস্থায়ী সংজ্ঞা অনুযায়ী, পাবলিক চার্জ বলতে এমন ব্যক্তিকে বোঝানো হতো যিনি সরকারি নগদ সহায়তা বা সরকারের-অর্থায়নকৃত দীর্ঘমেয়াদি প্রাতিষ্ঠানিক সেবার ওপর "প্রধানত নির্ভরশীল"।

## নতুন নিয়মটি কী?

নতুন পাবলিক চার্জ বিধিতে দুটি গুরুত্বপূর্ণ পরিবর্তন আনা হয়েছে:

- প্রথমত, পাবলিক চার্জের আওতায় কোন সরকারি সুবিধাগুলো বিবেচনা করা যেতে পারে তা নির্ধারণের পুরোনো মানদণ্ড বাতিল করা হয়েছে। আগের নিয়মে পাবলিক চার্জকে দুটি নির্দিষ্ট সরকারি সুবিধার মধ্যে সীমাবদ্ধ রাখা হয়েছিল—নগদ অর্থ সহায়তা এবং সরকারের-অর্থায়নকৃত দীর্ঘমেয়াদি চিকিৎসা সেবা। বর্তমান বিধিতে এর পরিবর্তে নতুন কোনো নির্দিষ্ট মানদণ্ড উল্লেখ করা হয়নি।
- দ্বিতীয়ত, নতুন বিধিটি পরিবারের সদস্যরা যে সরকারি সুবিধা পান, যেমন যুক্তরাষ্ট্রের নাগরিক সন্তানরা যদি স্ন্যাপ (SNAP) সুবিধা গ্রহণ করে, সেগুলোকেও বিবেচনা করার অনুমতি দেয়।

নতুন নিয়ম অনুযায়ী, অভিবাসন কর্মকর্তাদের একটি ব্যক্তিগত মামলার "সামগ্রিক পরিস্থিতি" বিবেচনা করার নির্দেশ দেওয়া হবে। কার্যকর হওয়ার তারিখ যত ঘনিয়ে আসবে, আরও বেশি নির্দেশনা প্রকাশ করা হবে।



## এর অর্থ কী?

নতুন পাবলিক চার্জ বিধিটি কীভাবে পাবলিক চার্জ পরীক্ষা প্রয়োগ করা হবে সে ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পরিবর্তন আনবে। অভিবাসন কর্মকর্তাদের আরো অনেক সুবিধা ব্যবহারের বিষয় বিবেচনা করার নির্দেশ দেওয়া হবে, যার মধ্যে আবেদনকারীর সন্তানদের সরকারি সুবিধা গ্রহণও অন্তর্ভুক্ত থাকতে পারে। স্পষ্ট ও প্রতিষ্ঠিত সংজ্ঞাগুলো বাতিল করা হলেও নতুন সংজ্ঞা দিয়ে সেগুলো প্রতিস্থাপন করা হয়নি। ফলে বিভিন্ন মামলায় পাবলিক চার্জ মূল্যায়নের ক্ষেত্রে অসঙ্গতি বাড়তে পারে। আমরা আশা করছি, এই পরিবর্তনের কারণে নাগরিক ও অ-নাগরিক উভয়ক্ষেত্রেই সরকারি সুবিধার ব্যবহারের ওপর একটি নেতিবাচক/ভীতিপ্রদ প্রভাব ফেলবে এবং পরিবারগুলো গুরুত্বপূর্ণ সরকারি কর্মসূচির সুবিধা নেওয়া থেকে বিরত থাকতে পারে।

## নতুন বিধি কবে থেকে কার্যকর হবে?

নতুন পাবলিক চার্জ বিধি ১৮ সেপ্টেম্বর ২০২৬ থেকে কার্যকর হবে।

## নতুন বিধি কাদের জন্য প্রযোজ্য হবে?

- যেসব গ্রিন কার্ড আবেদনকারী ১৮ সেপ্টেম্বর ২০২৬ বা তার পরে স্ট্যাটাস পরিবর্তনের জন্য আবেদন করবেন।
- যেসব ব্যক্তি ওই তারিখে বা তার পরে যুক্তরাষ্ট্রে প্রবেশের অনুমতি চাইবেন।
- ১৮ই সেপ্টেম্বর ২০২৬-এর আগে পাওয়া সরকারি সুবিধাগুলো বর্তমান ২০২২ সালের বিধি অনুযায়ী মূল্যায়ন করা অব্যাহত থাকার কথা, তবে USCIS থেকে আরও নির্দেশনা আসার অপেক্ষায় রয়েছে।

## এখন কোন সরকারি সুবিধাগুলো বিবেচনা করা হতে পারে?

বিধিতে নির্দিষ্ট করে বলা হয়নি যে কোন সুবিধাগুলো বিবেচনা করা হবে। এর বদলে, নতুন নিয়মটি অভিবাসন কর্মকর্তাদের নগদ অর্থ সহায়তা বা সরকার-অর্থায়নকৃত প্রাতিষ্ঠানিক দীর্ঘমেয়াদী সেবার সংকীর্ণ বিভাগের পরিবর্তে " আয় বা আর্থিক যোগ্যতার ভিত্তিতে নির্ধারিত যেকোনো সরকারি সুবিধার ওপর ভিত্তি করে পাবলিক চার্জ নির্ধারণ করার অনুমতি দেয়।

নতুন নিয়মটি কার্যকর হওয়ার পর ইউএসসিআইএস (USCIS) নিম্নলিখিত সরকারি সুবিধাগুলো বিবেচনা করতে পারে:

**নিউট্রিশন বা পুষ্টি কর্মসূচি**
- সাপ্লিমেন্টাল নিউট্রিশন অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (SNAP)
- মহিলা, শিশু এবং বাচ্চাদের জন্য বিশেষ সম্পূরক পুষ্টি কর্মসূচি (WIC)
- জরুরি খাদ্য সহায়তা আইনের অধীনে সুবিধা (TEFAP)
- শিশু ও প্রাপ্তবয়স্কদের যত্ন খাদ্য কর্মসূচি (CACFP)
- ভারতীয় রিজার্ভেশনে খাদ্য বিতরণ কর্মসূচি (FDPIR)

**স্বাস্থ্যসেবা কর্মসূচি**
- মেডিকেইড, চিলড্রেনস হেলথ ইন্স্যুরেন্স প্রোগ্রাম (CHIP), এবং অ্যাফোর্ডাবল কেয়ার অ্যাক্টের মাধ্যমে স্বাস্থ্য বীমা
- হোম অ্যান্ড কমিউনিটি-বেসড সার্ভিসেস (HCBS)

**আবাসন কর্মসূচি**
- সেকশন ৮-এর মতো সরকারি আবাসন কর্মসূচি
- হোম এনার্জি অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (HEAP)

**শিক্ষা ও অন্যান্য কর্মসূচি**
- চাইল্ড ট্যাক্স ক্রেডিট (CTC) বা আর্নড ইনকাম ট্যাক্স ক্রেডিট (EITC) সহ অন্যান্য কর সংক্রান্ত নগদ সুবিধা

পাবলিক চার্জ নির্ধারণের সময় একজন ব্যক্তির বয়স; স্বাস্থ্য; পারিবারিক অবস্থা; সম্পদ, আর্থিক সামর্থ্য ও আর্থিক অবস্থা; শিক্ষা ও দক্ষতা; এবং অ্যাফিডেভিট অফ সাপোর্ট (সহায়তার হলফনামা)-ও বিবেচনায় নেওয়া হতে পারে।

এই তালিকাটি এখনো পরিবর্তনশীল এবং এতে পরিবর্তন আসতে পারে। ভবিষ্যতে অতিরিক্ত নির্দেশনা দেওয়া হতে পারে।

## কোন কোন অভিবাসন মর্যাদা [স্ট্যাটাস] পাবলিক চার্জের আওতায় পড়ে এবং কোনগুলো পড়ে না?

পাবলিক চার্জ সেইসব ব্যক্তিদের জন্য প্রযোজ্য যারা এলপিআর (LPR – আইনগত স্থায়ী বাসিন্দা) হওয়ার প্রক্রিয়ার মধ্যে রয়েছেন (অর্থাৎ, যারা গ্রিন কার্ড পাচ্ছেন) অথবা যারা মার্কিন যুক্তরাষ্ট্রে অভিবাসন করছেন। পাবলিক চার্জ সেইসব এলপিআর-দের জন্যও প্রযোজ্য হতে পারে যারা ১৮০ দিনের বেশি সময় যুক্তরাষ্ট্রের বাইরে অবস্থান করার পর আবার যুক্তরাষ্ট্রে প্রবেশ করেন।

স্থায়ী বসবাসের জন্য আবেদনকারী নিম্নলিখিত ব্যক্তিদের১ জন্য পাবলিক চার্জ পরীক্ষা প্রযোজ্য নয়:

- **অ্যাসাইলি বা আশ্রয়প্রার্থী**
- **শরণার্থী**
- **পারিবারিক সহিংসতা, পাচার বা গুরুতর অপরাধের শিকার ব্যক্তিরা (VAWA, T ভিসাধারী বা U ভিসাধারী)**
- **এসআইজে বা স্পেশাল ইমিগ্র্যান্ট জুভেনাইল (SIJ - বিশেষ অভিবাসী নাবালকের মর্যাদা) সুবিধাভোগী শিশু বা তরুণরা**
- **যেসব ব্যক্তি তাদের গ্রিন কার্ড নবায়ন করছেন**

যুক্তরাষ্ট্রের নাগরিকদের ক্ষেত্রেও পাবলিক চার্জ প্রযোজ্য নয়।

--------------------

১. যেসকল ব্যক্তি নিচের অনেকগুলো বিভাগের ডেরিভেটিভ ভিসাধারী এবং প্রথমবারের মতো গ্রিন কার্ড পাওয়ার চেষ্টা করছেন, তাদের একজন অভিবাসন আইনজীবীর সাথে পরামর্শ করা উচিত।

## সরকারি সুবিধা আগে ব্যবহার করা হলে তা কি কাউকে পাবলিক চার্জ হিসেবে নির্ধারণ করতে ব্যবহার করা হবে?

নতুন নীতিমালা ১৮ সেপ্টেম্বর ২০২৬ থেকে কার্যকর হবে। শুধুমাত্র ওই তারিখের পরে যে সরকারি সুবিধার জন্য আবেদন করা হয়েছে এবং সুবিধা পাওয়া হয়েছে, সেই সুবিধা এবং সরকারি সুবিধার ধারাবাহিক ব্যবহার পাবলিক চার্জ নির্ধারণের ক্ষেত্রে ব্যবহার করা যেতে পারে। তার আগে ২০২২ সালের বর্তমান বাইডেন প্রশাসনের বিধি কার্যকর থাকবে।

## কোনো বাবা-মায়ের আবেদনের ক্ষেত্রে DHS কি সন্তানের সরকারি সুবিধা গ্রহণের বিষয় বিবেচনা করতে পারে?

হ্যাঁ। নতুন নিয়মটি ডিএইচএস (DHS)-কে একজন "নির্ভরশীল ব্যক্তির" (যেমন সন্তানের) সুবিধা গ্রহণের পাশাপাশি যে সময়টিতে নির্ভরশীল ব্যক্তিটি সুবিধা পাচ্ছিলেন সেই সময় আবেদনকারীর অর্থনৈতিক অবস্থাও বিবেচনা করার অনুমতি দেয়।

## সহায়তার জন্য কোথায় যোগাযোগ করবেন?

নতুন পাবলিক চার্জ বিধি তাদের চলমান অভিবাসন মামলায় প্রভাব ফেলবে কি না তা নিয়ে ব্যক্তি বা পরিবার নিশ্চিত না হলে, তাদের অভিবাসন আইনজীবী বা বিশ্বস্ত আইনি পরামর্শদাতার সঙ্গে যোগাযোগ করা উচিত। আপনার কোনো আইনজীবী না থাকলে, বিশ্বস্ত কমিউনিটি সংস্থা এবং আইনি সহায়তা প্রদানকারী সংগঠনের সঙ্গে যোগাযোগ করুন।

নিউ ইয়র্কে, আপনি কল করতে পারেন:

- **নিউইয়র্ক সিটি মেয়রের অভিবাসী বিষয়ক কার্যালয়ের ইমিগ্রেশন লিগ্যাল সাপোর্ট হটলাইন: (800) 354-0365 নম্বরে বা 311 নম্বরে কল করে "Immigration Legal" বলুন**
- **আপনার এলাকার আইনি সহায়তার জন্য নিউইয়র্ক স্টেট অফিস ফর নিউ আমেরিকানস হটলাইনে (800) 566-7636 নম্বরে কল করতে পারেন।**